গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীন সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.০১.০০১.১৭.৩১

তারিখ: ৮ ফাল্গুন ১৪৩০
২১ ফেব্রুয়ারি ২০২৪

পরিপত্র

বিষয়: রাইস মিল (অটোমেটিক ও হাস্কিং) থেকে পাইকারী ও খুচরা পর্যায়ে সরবরাহকৃত চালের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং 'উৎপাদন ও সরবরাহ' মূল্য অবহিতকরণ সংক্রান্ত।

সম্প্রতি দেশের চাল উৎপাদনকারী কয়েকটি জেলায় পরিদর্শন করে নিশ্চিত হওয়া গেছে যে, বাজারে একই জাতের ধান হতে উৎপাদিত চাল ভিন্ন ভিন্ন নামে ও দামে বিক্রি হচ্ছে। চালের দাম অযৌক্তিক পর্যায়ে গেলে বা অকস্মাৎ বৃদ্ধি পেলে মিলার, পাইকারি বিক্রেতা, খুচরা বিক্রেতা একে অপরকে দোষারোপ করছেন। এতে ভোক্তাগণ ন্যায্যমূল্যে পছন্দমত জাতের ধান, চাল কিনতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন এবং অনেক ক্ষেত্রে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। এ অবস্থার উত্তরণের লক্ষ্যে চালের বাজার মূল্য সহনশীল ও যৌক্তিক পর্যায়ে রাখতে, ধানের নামেই যাতে চাল বাজারজাতকরণ করা হয় তা নিশ্চিত করার উদ্দেশ্যে এবং এ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং এর সুবিধার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। চালের উৎপাদনকারী মিলারগণ গুদাম হতে বাণিজ্যিক কাজে চাল সরবরাহের প্রাক্কালে চালের বস্তার উপর উৎপাদনকারী মিলের নাম, জেলা ও উপজেলার নাম, উৎপাদনের তারিখ, মিল গেট মূল্য এবং ধান/চালের জাত (variety) উল্লেখ করতে হবে। এই তথ্যগুলো নিম্নোক্ত নমুনা মোতাবেক লেখা থাকবে :

| |
|---|
| ধানের জাতের নাম: |
| প্রস্তুতকারক: |
| ঠিকানা : উপজেলা:<br>জেলা: |
| নিট ওজন: |
| উৎপাদনের তারিখ: |
| মিল গেট মূল্য: |

২। বস্তার উপর উল্লিখিত তথ্যাদি কালি দ্বারা হাত দিয়ে লেখা যাবে না;

৩। চাল উৎপাদনকারী সকল মিল মালিক (অটো/হাস্কিং) কর্তৃক সরবরাহকৃত সকল প্রকার চালের বস্তা/প্যাকেটের (৫০/২৫/১০/৫/২/১ কেজি ইত্যাদি) উপর উল্লিখিত তথ্যাদি মুদ্রিত করতে হবে;

৪। কর্পোরেট প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নির্দেশনা প্রতিপালন করতে হবে। এ ক্ষেত্রে মিল গেট দামের পাশাপাশি প্রতিষ্ঠান চাইলে সর্বোচ্চ খুচরা মূল্য উল্লেখ করতে পারবে;

৫। এ পরিপত্রের আলোকে সকল জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ খাদ্য পরিদর্শকগণ পরিদর্শনকালে এ বিষয়টি নিশ্চিত করবেন। এর ব্যত্যয় ঘটলে 'খাদ্যদ্রব্য উৎপাদন, মজুত, স্থানান্তর, পরিবহণ, সরবরাহ, বিতরণ, বিপণন (ক্ষতিকর কার্যক্রম প্রতিরোধ) আইন, ২০২৩' এর ধারা ৬ ও ধারা ৭ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৬। আগামী ১৪.০৪.২০২৪ খ্রি. (০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ) তারিখ হতে এ পরিপত্রের নির্দেশ আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

২১-২-২০২৪
মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব
ফোন: +৮৮০২৫৫১০০০৮৮
ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল: secretary@mofood.gov.bd

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
৪) সচিব, কৃষি মন্ত্রণালয়
৫) সচিব, অর্থ বিভাগ
৬) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
৭) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
৮) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৯) বিভাগীয় কমিশনার (সকল)
১০) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
১১) জেলা প্রশাসক (সকল)
১২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, কৃষি মন্ত্রণালয়
১৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
১৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , বাণিজ্য মন্ত্রণালয়
১৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)
১৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
১৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
১৯) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া
সংগ্রহ শাখা

**স্মারক নম্বর:** ১৩.০১.১০০০.০০৫.৪৫.০১১.২৩.১০১৮

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সংশ্লিষ্ট পরিপত্রের নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

২২-০২-২০২৪
কাজী সাইফুদ্দিন
জেলা খাদ্য নিয়ন্ত্রক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। জনাব ..................................., প্রোঃ মেসার্স ..................... চালকল, ................ উপজেলা, বগুড়া এবং
২। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা পাইকারী/আড়ৎদার/খুচরা চাল ব্যবসায়ী সমিতি, বগুড়া।

**স্মারক নম্বর:** ১৩.০১.১০০০.০০৫.৪৫.০১১.২৩.১০১৮/১(২১)

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
২। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
৩। পরিচালক, প্রশাসন/সংগ্রহ/সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী;
৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
৬। পুলিশ সুপার, বগুড়া;
৭। উপপরিচালক , উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া;
৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য;
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ......................, বগুড়া জেলা;
১১। সিনিয়র তথ্য অফিসার, তথ্য অফিসারের দপ্তর, জেলা তথ্য অফিস, বগুড়া;
১২। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা এর দপ্তর, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, বগুড়া;
১৩। সহকারী পরিচালক, জেলা কার্যালয়ের অফিস, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বগুড়া জেলা কার্যালয়;
১৪। সহকারী খাদ্য নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,বগুড়া;

১৫। সভাপতি, বগুড়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বগুড়া;

১৬। ব্যবস্থাপক, সান্তাহার সিএসডি, বগুড়া;

১৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), বগুড়া। পরিপত্রটি সংশ্লিষ্ট সকল মিলারের প্রাপ্তি নিশ্চিতপূর্বক প্রাপ্তিস্বীকারপত্র অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো;

১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)…………………… এলএসডি, বগুড়া;

১৯। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা চালকল মালিক সমিতি, বগুড়া;

২০। সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা চালকল মালিক সমিতি, ……………….,বগুড়া এবং

২১। সংরক্ষণ নথি, সংগ্রহ শাখা, অত্র দপ্তর।

২২-০২-২০২৪
কাজী সাইফুদ্দিন
জেলা খাদ্য নিয়ন্ত্রক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পত্র-১৩.০০.০০০০.০৪৩.০১.০০১.১৭.৩১